

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

সূত্রঃ ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭-

তারিখঃ ০২/০১/২০১৯

বিষয়ঃ “বার্ষিক উত্তোলন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত সভার কার্যবিবরণী।

বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের “বার্ষিক উত্তোলন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” সংক্রান্ত কমিটির সভা কর্পোরেশন এর সচিব জনাব কাজী মোহাম্মদ হাসান এর সভাপতিতে ০২-০১-২০১৯ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় বিপিসি’র বোর্ড সভা কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলগ্নী-ক)।

২.০ আলোচনাঃ

সভার প্রারম্ভে সভাপতি বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। গত ৩০/০৮/২০১৮ তারিখে জালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরিত বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উত্তোলন কর্মপরিকল্পনা ও এর বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিশদভাবে আলোচনা করা হয়। সভায় বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহ কর্তৃক প্রনয়নকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী অধিকাংশ রাজ বাস্তবায়িত হয়েছে মর্মে অবহিত করা হলে সভাপতি তাতে সন্তোষ প্রকাশ করেন। তবে পূর্বে প্রেরিত কিছু কর্মপরিকল্পনা সময়সাপেক্ষ বিধায় ২০১৮-১৯ অর্থ বছরে সময়পোযোগী আরো নতুন কোন উত্তোলন কর্মপরিকল্পনা সংযোজন করা সম্ভব হবে কিনা সে বিষয়ে কোম্পানিসমূহের প্রতিনিধিগণের নিকট জানতে চান। জবাবে তাঁরা সেটি সম্ভব বলে সভাকে অবহিত করেন। এছাড়াও সভাপতি বাস্তবায়িত কর্মপরিকল্পনাকে মডিফিকেশনের (Modification) মাধ্যমে আরো যুগোপযোগী করার বিষয়ে কোম্পানিসমূহের প্রতিনিধিগণকে অনুরোধ করেন ও সেই কর্মপরিকল্পনাগুলো আইডিয়া ব্যাংকে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে উত্তোলন কর্মপরিকল্পনা বিষয়টি আরও সুস্পষ্টীকরণ করার লক্ষ্যে কোম্পানিসমূহের প্রতিনিধিগণ প্রশিক্ষণ আয়োজন করার জন্য সভাপতি-কে অনুরোধ জানান। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি বিপিসি’র ইনোভেশন টিমের সদস্য-সচিব কে নির্দেশনা প্রদান করেন। এছাড়া এ-সংক্রান্ত বিষয়ে আরো সভা আয়োজনের মাধ্যমে উত্তোলনী কার্যক্রমকে ফলপ্রসূ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ

প্রণয়নকৃত বার্ষিক উত্তোলন কর্মপরিকল্পনা, ২০১৮-১৯ অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) বাস্তবায়িত কর্মপরিকল্পনাকে মডিফিকেশনের (Modification) মাধ্যমে আরো যুগোপযোগী করতে হবে।


(খ) নতুন কোন উত্তোলন কর্মপরিকল্পনা থাকলে তা সংযোজন করতে হবে।

(গ) উত্তোলন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন টিমের কর্মকর্তাদের জন্য আগামী ১ মাসের মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজনের নিমিত্ত এটুআই কে পত্র প্রেরণ করতে হবে।

(ঘ) নতুন উত্তোলন কর্মপরিকল্পনা আহ্বান করে কোম্পানিসমূহে পত্র প্রেরণ করতে হবে।

(ঙ) এসংক্রান্ত বিষয়ে আরও সভা আয়োজন করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(কাজী মোহাম্মদ হোসান)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩